

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৮৬

ধর্মনগর, ১২ জুলাই, ২০২৪

ধর্মনগরে গুরু পূর্ণিমা উৎসব

উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরের বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে আজ তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গুরু পূর্ণিমা উৎসবের আয়োজন করা হয়। উৎসবের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাংবাদিক সমর চক্রবর্তী। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক সঞ্জীব কুমার দাস। অনুষ্ঠানে জেলার ১০ জন গুরুকে সম্মাননা জ্ঞাপন করা হয়। এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।
